

PRINT

সমকাল

বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের দাবি

১২ ঘণ্টা আগে | Updated ১০ ঘণ্টা আগে

ময়মনসিংহ ব্যুরো



তৃতীয় ধাপে জাতীয়করণ থেকে বঞ্চিত বেসরকারি প্রাথমিক বিদ্যালয় জাতীয়করণের দাবিতে এবং ৬ সেপ্টেম্বর জাতীয় প্রেস ক্লাবের সামনে শিক্ষকদের ওপর পুলিশি হামলার প্রতিবাদে ময়মনসিংহে মানববন্ধন-সমাবেশ ও স্মারকলিপি প্রদান করা হয়েছে। বাংলাদেশ বেসরকারি প্রাথমিক শিক্ষক সমিতি ময়মনসিংহ বিভাগীয় কমিটি রোববার সকালে ময়মনসিংহ বিভাগীয় কমিশনারের কার্যালয়ের সামনে এ কর্মসূচি পালন করে। ঘণ্টাব্যাপী মানববন্ধন চলাকালে বক্তব্য দেন কেন্দ্রীয় কমিটির মহাসচিব কামাল হোসেন, ময়মনসিংহ বিভাগীয় কমিটির আহ্বায়ক সামছুল হক, ময়মনসিংহ জেলা কমিটির সাধারণ সম্পাদক আবদুল আওয়াল, সম্পাদক মাকসুদা বেগম, শেরপুরের সভাপতি তারা মিয়া, নেত্রকোনার সভাপতি নিগার সুলতানা, জামালপুরের সভাপতি আবু তালেব প্রমুখ। মানববন্ধনে ময়মনসিংহ বিভাগের শেরপুর, জামালপুর,

নেত্রকোনা ও ময়মনসিংহের শতাধিক শিক্ষক উপস্থিত ছিলেন। পরে শিক্ষক নেতৃবৃন্দ বিভাগীয় কমিশনারের মাধ্যমে প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি দেন।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com